অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ফার্স্ট ডে হাইকস-এর সঙ্গে 2023-এর শুরু উদযাপন করার জন্য নিউ ইয়র্কবাসীদেরকে আমন্ত্রণ জানিয়ে গভর্নর হোকলের ঘোষণা

100টি স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, বন্যপ্রাণীদের আবাসস্থল, ক্যানেল ট্রেইল এবং পাবলিক ল্যান্ডগুলোতে নববর্ষের দিন ইভেন্টগুলো আয়োজন করা হবে

হাইকস-এর 12তম বার্ষিকীতে নিউ ইয়র্কবাসীদেরকে 1 জানুয়ারির ছুটি প্রকৃতি উপভোগ করার মাধ্যমে অতিবাহিত করার জন্য উৎসাহিত করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ এই ছুটির দিনের মৌসুমে নিউ ইয়র্কবাসীদেরকে ঘরের বাইরে সময় কাটানোর জন্য এবং 1 জানুয়ারী, 2023 তারিখে এম্পায়ার স্টেটজুড়ে স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, বন্যপ্রাণীদের আবাসস্থল, ক্যানেল ট্রেইল, ও পাবলিক ল্যান্ডগুলোতে নববর্ষ উদযাপন করার জন্য উৎসাহিত করেছেন। ফার্স্ট ডে হাইকস (First Day Hikes) কর্মসূচি স্টেটজুড়ে লোকদের উপভোগ করার জন্য 100টি বিভিন্ন হাইকিং বিকল্প অফার করছে।

"আমাদের জনসাধারণের জন্য উন্মুক্ত পার্কল্যান্ড ও স্টেট ল্যান্ডগুলোতে পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে নিয়ে শীতকালীন সৌন্দর্য্য উপভোগ করার মধ্য দিয়ে নববর্ষ শুরু করার চেয়ে ভালো উপায় আর কিছু হতে পারে না," **বলেছেন গভর্নর হোকল**। "এম্পায়ার স্টেটজুড়ে এত বেশি ফার্স্ট ডে হাইকস থেকে বেছে নেওয়ার সুযোগ থাকায়, নিউ ইয়র্কবাসীরা ছুটির দিনের কর্মব্যস্ত গতি থেকে বিরতি নিয়ে একটি উজ্জ্বল, আশাবাদী নববর্ষকে স্বাগত জানানোর যথোপযুক্ত পরিবেশ খুঁজে নিতে পারবেন।"

নিউ ইয়র্ক স্টেটের অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation) 12তম বার্ষিক ফার্স্ট ডে হাইকস কর্মসূচির অংশ হিসেবে স্টেটজুড়ে অনেকগুলো ওয়াক ও হাইক আয়োজন করার জন্য অংশীদার হয়ে কাজ করছে।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "ফার্স্ট ডে হাইকস একটি পরিবারবান্ধব ঐতিহ্য যা শীতকালীন সময়ে আমাদের স্টেটের প্রাকৃতিক সম্পদগুলোর এবং স্টেট পার্কগুলোতে বছরজুড়ে যা কিছু করার সুযোগ রয়েছে সেগুলো সম্পর্কে একটি তাজা মৌসুমি

দৃষ্টিভঙ্গী প্রদান করে। এই নববর্ষের দিন আমি নিউ ইয়র্কবাসীদেরকে নিউ ইয়র্কের শ্বাসরুদ্ধকর নৈসর্গিক পরিবেশে মজার ট্রেকিং-এ অংশ নেওয়ার মাধ্যমে ঘরের বাইরের পরিবেশকে বরণ করে নেওয়ার জন্য উৎসাহিৎ করছি।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "এই জনপ্রিয় ফার্স্ট ডে হাইকসগুলোর মধ্যে কোনো একটিতে অংশ নেওয়া নববর্ষ শুরু করা এবং নিউ ইয়র্কের আউটডোর গন্তব্যস্থলগুলোর অভিজ্ঞতা নেওয়ার জন্য একটি চমৎকার উপায়। এই ক্রমবর্ধমান বার্ষিক ঐতিহ্যে অংশগ্রহণের জন্য সব বয়স ও সক্ষমতার নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করার জন্য স্টেট পার্কগুলোর সঙ্গে অংশীদার হতে পেরে DEC গর্বিত, যে ঐতিহ্য আমাদের প্রাকৃতিক সম্পদগুলো এবং চমৎকার আউটডোর স্থানগুলো উপভোগ করার জন্য বন্ধুবান্ধব ও পরিবারগুলোকে একসঙ্গে নিয়ে আসছে।"

হাঁটা ও হাইকগুলি পরিবারবান্ধব, এবং সাধারণত এক থেকে পাঁচ মাইলের মধ্যে হয়, যা স্থান ও পরিস্থিতির উপর নির্ভর করে। স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, DEC স্টেট ল্যান্ড, বন্যপ্রাণীদের আবাসস্থল, ফরেস্ট রিজার্ভ এবং ক্যানেল ট্রেইল ও পরিবেশগত শিক্ষা কেন্দ্রগুলোতে 90টিরও বেশি হাইকে অংশ নেওয়ার সুযোগ প্রদান করা হচ্ছে। 2023 সালের জন্য নতুন করে, স্টেটজুড়ে উদাযাপনগুলো গিনিস ভ্যালি গ্রিনওয়ে, নিউ ইয়র্ক স্টেট বার্ডিং ট্রেইল দিয়ে হাইকিং এর বাড়তি সুযোগ, এবং এম্পায়ার স্টেট ট্রেইল ধরে হাঁটার সুযোগের পাশাপাশি অন দ্য ক্যানেলস (On the Canals) কর্মসূচির অংশ হিসেবে চারটি নতুন হাইকে অংশ নেওয়ার সুযোগ প্রদান করছে।

নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশনের ডিরেক্টর ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "নতুন বছরের আগমন উদযাপন করতে যাওয়ার এই সময়ে, নিউ ইয়র্ক স্টেট ক্যানেল সিস্টেম এবং এম্পায়ার স্টেট ট্রেইল সংলগ্ন অংশ অন দ্য ক্যানেলস কর্মসূচির অংশ হিসেবে, চারটি অনন্য, নির্দেশনাসহ হাইক ও স্নো ট্রেকিং-এর সুযোগ প্রদান করার মাধ্যমে 12তম বার্ষিক ফার্স্ট ডে হাইকস কর্মসূচিতে গভর্নর হোকল এবং আমাদের স্টেতের অংশীদারদের সঙ্গে সহযোগী হয়ে কাজ করতে পেরে ক্যানেল কর্পোরেশন আনন্দিত। মৌসুমের পর মৌসুম ধরে, খালপথগুলো এবং সংলগ্ন ট্রেইলগুলোর মহিমা সম্পর্কে জানতে পারা এবং সেগুলোর অভিজ্ঞতা নেওয়ার জন্য পরিবার ও ভ্রমণকারীদের জন্য বিনামূল্যে সুযোগ প্রদান করা অব্যাহত রাখতে পারা একটি আনন্দের বিষয়, এবং আমাদের স্টেটের পাবলিক স্থানগুলো ঘুরে দেখার জন্য আরো বেশি নিউ ইয়র্কবাসীকে ঘরের বাইরে নিয়ে আসার জন্য গভর্নরের রূপকল্পকে আমরা সাধুবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভাইস প্রেসিডেন্ট ও এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন, "ফার্স্ট ডে হাইকস কর্মসূচি নতুন বছর শুরু করার একটি উদ্দীপনাপূর্ণ উপায় প্রদান করছে এবং নিউ ইয়র্কের নজিরবিহীন স্টেট পার্ক, স্টেট ক্যানেল সিস্টেম এবং অন্যান্য সুরক্ষিত ভূমিগুলোর সঙ্গে আরো বেশি মানুষকে পরিচয় করিয়ে দিচ্ছে এবং বছরের পরবর্তী সময়ে ভ্রমণ করার জন্য আইডিয়া ও অনুপ্রেরণা প্রদান করছে। আই লাভ NY (I LOVE NY) অধিবাসী ও দর্শনার্থীদেরকে এখানে এসে এটির অংশ হওয়ার জন্য এবং এখানে এম্পায়ার স্টেটে এই কান্ট্রির মধ্যে সেরা কিছু আউটডোর চিত্তবিনোদনের এলাকায় তাদের জন্য অপেক্ষমান চমৎকার দৃশ্যগুলো ঘুরে দেখার জন্য সমানভাবে উৎসাহিত করছে।"

পার্কস, DEC, ও ক্যানেলস এর জন্য নিউ ইয়র্ক স্টেট ফার্স্ট ডে হাইকগুলোর একটি তালিকা, লোকেশন সম্পর্কে বিস্তারিত তথ্য, ফরম্যাট, প্রি-রেজিস্ট্রেশনের শর্তসমূহ এবং বাড়তি তথ্যগুলো অনলাইনে পাওয়া যাবে। আগ্রহী অংশগ্রহণকারীদেরকে তাদের পছন্দের আয়োজক সাইটের বিস্তারিত তথ্য দেখে নেওয়ার জন্য এবং যেখানে আবশ্যক সেখানে প্রি-রেজিষ্ট্রেশন সম্পন্ন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

1992 সালে ম্যাসাচুসেটসে শুরু হওয়া ফার্স্ট ডে হাইক এখন 50টি স্টেটের প্রতিটিতে অনুষ্ঠিত জাতীয় একটি ইভেন্ট। নিউ ইয়র্কবাসীদের জন্য আউটডোরে 2023 সাল উদযাপনের জন্য অন্যান্য আইডিয়ার মধ্যে কোনো স্থানীয় পার্ক বা ট্রেইল খুঁজে নেওয়া, অথবা স্থানীয় এলাকাগুলো ঘুরে দেখা অন্তর্ভুক্ত রয়েছে।

অঞ্চল অনুযায়ী ফার্স্ট ডে হাইকস-এর তালিকা:

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
অ্যালিগানি স্টেট পার্ক - কোয়াকার এরিয়া, সালামাঙ্কা; 716.354.9101 x.232
অ্যামহার্স্ট স্টেট পার্ক, উইলিয়ামসভিল; 716.631.7132
বিভার আইল্যান্ড স্টেট পার্ক, গ্র্যান্ড আইল্যান্ড; 716.282.5154
বাউটওয়েল হিল স্টেট ফরেস্ট, শার্লট; 716.363.2052
ব্রকপোর্ট ওয়েলকাম সেন্টার ক্যানেল হাইক, ব্রকপোর্ট; elinden@brockportny.org
ক্লিয়ার লেক ওয়াল্ডলাইফ ম্যানেজমেন্ট এরিয়া, নর্থ কলিন্স; 718.851.7019
ইভানগোলা স্টেট পার্ক, ইরভিং; 716.549.1050
ফোর্ট নায়াগ্রা স্টেট পার্ক, ইয়ংসটাউন; 716.282.5154 (2টি হাইক)
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, হিন্সডেল; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, কিউবা; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, অ্যাভন; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, পিফার্ড; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, নুন্ডা; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, রচেস্টার; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, স্কটসভিল; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, ফাওলারভিল; 585.493.3614
গিনিস ভ্যালি গ্রিনওয়ে, ইয়র্ক; 585.493.3614
গিনিস ভ্যালি পার্ক, রচেস্টার; 585.520.9984
গোল্ডেন হিল স্টেট পার্ক, বার্কার; 716.282.5154
হ্যামলিন বিচ স্টেট পার্ক, হ্যামলিন; 585.964.2462
নক্স ফার্ম স্টেট পার্ক, ইস্ট অরোরা; 716.549.1050
লেচওর্থ স্টেট পার্ক হামফ্রে নেচার সেন্টার, ক্যাসল; 585.493.3680 (4টি হাইক)
লেচওর্থ স্টেট পার্ক হাইব্যাংকস পিকনিক শেল্টার, মাউন্ট মরিস; 585.493.3680 (2টি হাইক)
নায়াগ্রা ফলস স্টেট পার্ক, নায়াগ্রা ফলস; 716.282.5154
ফিলিপস ক্রিক স্টেট ফরেস্ট, ওয়ার্ড; glenngebhard@gmail.com

রেইনস্টেইন উডস এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার, ডিপিউ; 716.683.5959
হুইরপুল স্টেট পার্ক, নায়াগ্রা ফলস; 716.282.5154
জোয়ার ভ্যালি মাল্টিপল ইউজার এরিয়া, কলিন্স; 440.983.0023

ফিঙ্গার লেকস এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক
বোম্যান লেক স্টেট পার্ক/ম্যাকডোনাফ স্টেট ফরেস্ট, অক্সফোর্ড; 607.334.2718
ক্যানেলসাইড লক C/S-4, ওয়াটারলু; 315.659.9269
ক্যাথেরিন ভ্যালি ট্রেইল, ওয়াটকিন্স গ্লেন; 607.481.0584
শেনাংগো ভ্যালি স্টেট পার্ক, শেনাংগো ফর্কস; 607.648.5251
ক্লার্ক রিজার্ভেশন স্টেট পার্ক, জেমসভিল; 315.415.8377
ডেল্টা লেক স্টেট পার্ক, রোম; 315.337.4670
ফোর্ট অন্টারিও ঐতিহাসিক স্থান, ওসওয়েগো; 315.343.4711
গ্লিমারগ্লাস স্টেট পার্ক, কুপার্সটাউন; 607.547.8662
গ্রিন লেকস স্টেট পার্ক, ফায়েটভিল; 315.637.611
হার্কিমার হোম স্টেট ঐতিহাসিক স্থান, হার্কিমার; 315.823.0398
লেসার ওয়াইল্ডারনেস স্টেট ফরেস্ট, তুরিন; 315.376.3521
ম্যাসেডন ক্যানেল পার্ক, ম্যাসেডন; 585.269.8125
মন্টেজুমা আউডুবান সেন্টার, সাভানাহ; Felicia.Paradise@dec.ny.gov
নিউটাউন ব্যাটলফিল্ড স্টেট পার্কস, এলমিরা; 607.732.6287
রজার্স এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার, শেরবোর্ন; 607.674.4733
শেলকার্ক শোরস স্টেট পার্ক, পুলাস্কি; 315.298.5737
সেনেকা লেক স্টেট পার্ক, জেনেভা; 315.789.2331
সাউথভিল স্টেট ফরেস্ট, স্টকহোম; 315.265.3090
টাফানক ফলস স্টেট পার্ক, ট্রুম্যান্সবার্গ; 607.387.7041 এক্সটেনশন 131
টু রিভার্স স্টেট পার্ক, ওয়েভারলি; 607.732.6287

নর্থ কান্ট্রি/অ্যাডিরনড্যাক
অ্যাডিরনড্যাক ইন্টারপ্রিটিভ সেন্টার, নিউকম্ব; 518.582.2000
হ্যাডলি মাউন্টেন, উইলকক্স লেক ওয়াইল্ড ফরেস্ট, হ্যাডলি; megan@adk.org
মক্সহ্যাম মাউন্টেন, ভ্যান্ডারহোয়াকার মাউন্টেন ওয়াইল্ড ফরেস্ট; 518.338.8173
পল স্মিথ'স ভিজিটর ইন্টারপ্রিটিভ সেন্টার (VIC), ব্রাইটন; 518.327.6241
পয়েন্ট আউ রোচ স্টেট পার্ক, প্ল্যাটসবার্গ; 518.563.6444
প্রসপেক্ট মাউন্টেন ভেটেরান্স মেমোরিয়াল হাইওয়ে ডে ইউজ এরিয়া, লেক জর্জ; 518.623.1268

রবার্ট জি. উইহেল স্টেট পার্ক, হেন্ডারসন; 315.938.5302
স্যাকেটস হার্বার ব্যাটলফিল্ড স্টেট হিস্টোরিক সাইট, স্যাকেটস হার্বার; 315.646.2321
উইলেসলি আইল্যান্ড স্টেট পার্ক, ফাইনভিউ; 315.482.2479

গ্রেটার ক্যাপিটাল ডিসট্রিক্ট
চ্যাম্পপ্লেইন ক্যানেল লক 5, স্কুয়েলারভিল; 518.583.3708

ফাইভ রিভার্স এনভায়রনমেন্টাল এডুকেশন এরিয়া, ডেলমার; 518.475.0291 (3)
গ্র্যাফটন লেকস স্টেট পার্ক, গ্র্যাফটন; 518.279.1155 x2
মাইন কিল স্টেট পার্ক, নর্থ ব্লেনহেইম; 518.827.6111
পিবল আইল্যান্ড স্টেট পার্ক, কোহোস; friendsofpeebles@gmail.com (2টি হাইক)
সারাটোগা স্পা স্টেট পার্ক, সারাটোগা স্প্রিংস; 518.584.2000 x16
থ্যাচার স্টেট পার্ক, ভোরহিসভিল; 518.872.0800

হাডসন ভ্যালি/ক্যাটসকিলস

ক্যাটস্কিল ভিজিটর সেন্টার, শ্যান্ডাকেন; 845.688.3369
FDR স্টেট পার্ক, ইয়র্কটাউন; 914.245.4434
লিটন স্টোনি পয়েন্ট/হাডসন হাইল্যান্ডস স্টেট পার্ক, কোল্ড স্প্রিং; 845.224.7207
জন জে হোমস্টেড স্টেট ঐতিহাসিক স্থান, ক্যাটোনাহ; 914.232.5651
মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভ, পিটার্স কিল, কারহঙ্কসন; 845.255.0752
মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভ, স্যাম'স পয়েন্ট, ক্র্যাগসমুর; 845.647.7989
ওলানা স্টেট ঐতিহাসিক স্থান, হাডসন; 518.751.0344
ওল্ড ক্রোটন অ্যাকুয়াডাক্ট স্টেট হিস্টোরিক পার্ক, ডবস ফেরি; 646.303.1448
প্যান্থার মাউন্টেন, স্লাইড মাউন্টেন ওয়াইল্ডারনেস,
শ্যান্ডাকেন; Peter@catskillmountainclub.org
প্ল্যাটে ক্লোভ প্রিজার্ভ, হান্টার; 845.688.3369
রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভ, প্লেজেন্টভিল; 914.666.6503
স্ট্যাটসবার্গ স্টেট ঐতিহাসিক স্থান, স্ট্যাটসবার্গ; 845.874.0568
স্টার্লিং ফরেস্ট স্টেট পার্ক, টুক্সেডো; 845.351.5907
ট্যাকোনিক স্টেট পার্ক - কোপ্যাক ফলস, কোপ্যাক ফলস; 518.329.3993
হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে, পোকেপসি; 845.834.2867
উইলোইমোক ওয়াইল্ড ফরেস্ট, রকল্যান্ড; 845.693.4181

নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড

বেথপেজ স্টেট পার্ক, ফার্মিংডেল; 516.249.0701
ক্লে পিট পন্ডস স্টেট পার্ক প্রিজার্ভ, স্ট্যাটেন আইল্যান্ড; 718-605-3970 ext. 201
কানেটিকট রিভার স্টেট পার্ক প্রিজার্ভ, ওকেডেল; 631.581.1005 (2টি হাইক)
হ্যালক প্রিজার্ভ, রিভারহেড; 631.315.5475
হেম্পস্টেড লেক স্টেট পার্ক, ওয়েস্ট হেম্পস্টেড; 516.766.1029
জোন্স বিচ স্টেট পার্ক, ওয়ান্টাঘ; 516.785.1600
মন্টাউন পয়েন্ট স্টেট পার্ক, মন্টাউক; 631.668.5000
মাউন্ট লরেটো ইউনিক এরিয়া, স্ট্যাটেন আইল্যান্ড; 718.313.8591
রিজ কনজার্ভেশন এরিয়া, রিজ; 631.444.0350
শার্লি চিসহোম স্টেট পার্ক, ব্রুকলিন, Brooklyn; 212.866.3100
সানকেন মিডো স্টেট পার্ক, কিংস পার্ক; 631.269.4333

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে।এই বিনোদনমূলক স্থানগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য, www.parks.ny.gov এ যান, নিউ ইয়র্ক স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করুন বা ফোন করুন 518.474.0456 নম্বরে। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418